

## ঢাকা মেডিক্যাল কলেজের অধ্যক্ষ সোয়া ঘন্টা অবরুদ্ধ শিক্ষার্থীদের বিক্ষোভ

৥ ইত্তেফাক রিপোর্ট ৥

গতকাল শনিবার ঢাকা মেডিক্যাল কলেজ অধ্যক্ষ অধ্যাপক ডাঃ কাজী নীল মোহাম্মদকে সোয়া ১ ঘন্টা পোস্ট গ্রাজুয়েট ছাত্ররা ঘেরাও করে রাখে। এমডি ও এমএল কোর্সের ছাত্র-ছাত্রীরা টার্ম ও এলাইভ-প্রথা বাড়িলের দাবির প্রেক্ষিতে তারা অধ্যক্ষকে অবরুদ্ধ করে রাখে। কর্তৃপক্ষ বিষয়টি কোন গুরুত্ব সেন্ননি বলে ছাত্র-ছাত্রীরা তাদের অভিযোগে জানায়। পোস্ট গ্রাজুয়েট মেডিক্যাল কলেজ ফোরামের উদ্যোগে গতকাল মেডিক্যাল কলেজ সমূহে উক্ত দাবি বাস্তবায়নের লক্ষ্যে ছাত্র-ছাত্রীরা বিক্ষোভ শুরু করে। গতকাল বেলা আড়াইটায় ঢাকা মেডিক্যাল কলেজ অধ্যক্ষ অফিস থেকে বের হলে ক্যাম্পাসে বিক্ষুব্ধ ছাত্র-ছাত্রীরা তাকে ঘেরাও করে। দাবি আদায় না হওয়া পর্যন্ত অধ্যক্ষকে ছাত্র-ছাত্রীরা যেতে দিবে না বলে অধ্যক্ষকে জানিয়ে (২য় পৃঃ ৩-এর কঃ প্রঃ)

### ঢাকা মেডিক্যাল কলেজের (২য় পৃঃ ৩)

দেয়। সোয়া ১ ঘন্টা অধ্যক্ষ অবরুদ্ধ থাকার পর ফ্যাকাল্টির প্রিন ও অন্য কর্মকর্তারা ঢাকা মেডিক্যাল কলেজে যান। বিক্ষুব্ধ ছাত্র-ছাত্রীদের সঙ্গে অধ্যক্ষ ও অন্যান্য কর্মকর্তা বৈঠক হয়। ১৮ ঘূন ছাত্র-ছাত্রীদের দাবি নিয়ে বৈঠক হবে এবং এ বৈঠকে তাদের দাবি মেনে নেয়ার আহ্বাস দিলে ছাত্র-ছাত্রীরা ঘেরাও তুলে নেয়। ঐ সময় মেডিক্যাল ক্যাম্পাসে পুলিশ মোতায়েন ছিল।